

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
উদ্ভিদ সংরক্ষণ উইং  
খামারবাড়ি, ঢাকা।

স্মারক নং : ১২.১১.০০০০.০১২.৩৮.০০১.১৮/৭০৫ (৩৭)

তারিখ: ২৫/০২/২০২০

প্রাপক  
অতিরিক্ত পরিচালক  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

----- অঞ্চল (সকল)।

বিষয়: বোরো ধানে বাদামী গাছ ফড়িং ও সাদা পিঠ গাছ ফড়িং পোকাকার আক্রমণে আলোর ফাঁদ স্থাপন সহ  
অন্যান্য দমন ব্যবস্থাপনা।

বিগত বছর সমূহে ধানের অন্যতম শত্রু বাদামী গাছ ফড়িং (বিপিএইচ) ও সাদাপিঠ গাছ ফড়িং এর উপস্থিতি সনাক্তকরণে আলোর ফাঁদ স্থাপন অত্যন্ত কার্যকর প্রমাণিত হয়েছে। বীজতলা থেকে শুরু করে ধান পরিপক হওয়া পর্যন্ত যে কোনো সময়ে বিপিএইচ ও সাদা পিঠ গাছ ফড়িং এর আক্রমণ দেখা দিতে পারে। তবে ধান গাছে কাইচথোড় আসলে এর আক্রমণ বেড়ে যায়। দ্রুত বংশ বৃদ্ধির কারণে ফসলের ২০ থেকে ১০০% পর্যন্ত ক্ষতি করতে পারে। বৃষ্টিপাত ও মেঘাচ্ছন্ন, উষ্ণ আবহাওয়া বিপিএইচ ও সাদাপিঠ গাছ ফড়িং আক্রমণের অনুকূল পরিবেশ।

**অনুকূল পরিবেশ:**

- অধিক সংখ্যক কুশি উৎপাদনশীল উচ্চ ফলনশীল ধানের চাষ করলে;
- জমি অসমতল হলে নিচু স্থানে বৃষ্টির পানি জমে থাকে। প্রখর সূর্যের তাপে উক্ত পানি বাষ্পীভূত হয়ে উষ্ণ ও আর্দ্র অবস্থা তৈরি হয় যা বাদামী গাছ ফড়িং ও সাদাপিঠ গাছ ফড়িং এর বংশবৃদ্ধি ও আক্রমণের জন্য অনুকূল পরিবেশ;
- চারা ঘন করে রোপণ করলে, জমি স্যাঁতস্যাঁতে হলে এবং জমিতে দাঁড়ানো পানি থাকলে;
- জমিতে বিকল্প পোষক আগাছা থাকলে;
- অসম হারে নাইট্রোজেন সার (ইউরিয়া সার) ব্যবহার করলে;
- বাতাস চলাচলে বিঘ্ন সৃষ্টি হলে।
- এ্যালোপাথারী ও সঠিক কীটনাশক ব্যবহার না করার ফলে।

**আক্রমণের লক্ষণ:**

বাদামী গাছ ফড়িং ও সাদাপিঠ গাছ ফড়িং এর বাচ্চা ও পূর্ণবয়স্ক উভয় পোকা দলবদ্ধভাবে ধান গাছের গোড়ার দিকে অবস্থান করে গাছ থেকে রস খায়। আর এ কারণে গাছ দ্রুত শুকিয়ে যায়। বাদামী গাছ ফড়িং এর তীব্র আক্রমণে গাছ প্রথমে হলুদ ও পরে শুকিয়ে যায়, ফলে দূর থেকে পুড়ে যাওয়ার মত বা বাজ পড়ার মত দেখায়। এ ধরনের ক্ষতিকো হপার বাণ/বাজ পড়া বলে।

**দমনে করণীয়:**

- এলাকার সকল চাষিকে দলবদ্ধ ভাবে পোকা দমনের ব্যবস্থা গ্রহণে উদ্বুদ্ধ করতে হবে; চাষীদের নিয়ে নিয়মিত উঠান বৈঠক এর ব্যবস্থা করতে হবে। এ কাজে স্থানীয় জন প্রতিনিধির নেতৃত্বে সিআইজি/আইপিএম/আইসিএম/আএফএমসি ইত্যাদি ক্লাবসহ স্থানীয় প্রতিষ্ঠানসমূহকে সম্পৃক্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- প্রতি ব্লকে দলীয় আলোচনার মাধ্যমে সচেতনতা সৃষ্টি এবং বাদামী গাছ ফড়িং দমনের কলাকৌশল কৃষকদের মাঝে প্রচারের ব্যবস্থা করতে হবে;
- জমির আইল পরিস্কার রাখতে হবে;
- চারা ঘন করে লাগানো পরিহার করে ধান নিদিষ্ট দূরত্বে (২০ সে.মি × ১৫ সে. মি.) লাগাতে হবে এবং ১০ সারি পরপর ৩০ সে.মি. গ্যাপ রেখে লগো পদ্ধতি অনুসরণ করতে হবে।

- জমিতে পোকা বাড়ার সম্ভবনা দেখা দিলে আক্রান্ত জমির পানি সরিয়ে দিয়ে ৭ থেকে ৮ দিন জমি শুকনো রাখতে হবে;
- আক্রান্ত জমিতে ২ থেকে ৩ হাত দূরে দূরে বিলিকেটে জমিতে সূর্যের আলো ও বাতাস প্রবেশের ব্যবস্থা করতে হবে;
- শুধুমাত্র ইউরিয়া ব্যবহার না করে সুষম মাত্রায় ইউরিয়া, টিএসপি, এমওপি ব্যবহার করতে হবে।
- স্বল্প জীবনকালীন ফসলের চাষ করতে হবে এবং আক্রান্ত জমিতে ইউরিয়া সার প্রয়োগ আপাতত বন্ধ রাখতে হবে;
- সন্ধ্যাবেলা আক্রান্ত জমি থেকে একটু দূরে আলোর ফাঁদ জ্বালিয়ে পোকা দমনের ব্যবস্থা করতে হবে;
- নিয়মিত ভাবে যে এলাকাগুলোতে বিগত বছরে বিপিএইচ আক্রান্ত হয়েছিল সে এলাকায় চাক্ষুস পরিদর্শন ও আলোর ফাঁদ জ্বালিয়ে মনিটরিং এর ব্যবস্থা করতে হবে।
- আক্রান্ত এলাকায় ঢোল সহরত সহ প্রচারণা, মসজিদ, মন্দির সহ ধর্মীয় উপাসনালয়ে আলোচনা ও লিফলেট বিতরণ করতে হবে।
- প্রতি গোছায় ২ থেকে ৪টি গর্ভবতী পোকা বা ৮ থেকে ১০টি নিষ্প দেখা গেলে নিম্ন লিখিত যে কোন একটি অনুমোদিত কীটনাশক সঠিক মাত্রায় প্রয়োগ করতে হবে।

জেনেরিক নাম	ব্র্যান্ড নাম	প্রয়োগ মাত্রা/ হেক্টর
আইসোপ্রোকার্ব / এমআইপিসি	মিপসিন ৭৫ ডব্লিউপি	১৭৫ গ্রাম
পাইমেট্রোজিন	প্লেনাম ৫০ ডব্লিউজি	৬৭ গ্রাম
ক্লোরোপাইরিফস	ডার্সবান ২০ ইসি	১৩৪ মিলি
কার্বোসালফান	মার্শাল ২০ ইসি	১৩৪ মিলি
ইমিডাক্লোপ্রিড	এডমায়ার ২০ এসএল	১৭ মিলি

- কীটনাশক অবশ্যই গাছের গোড়ায় প্রয়োগ করতে হবে।

এমতবস্থায় বাদামী গাছ ফড়িং (বিপিএইচ) এবং সাদাপিঠ গাছ ফড়িং পোকাকার আক্রমণে বোরো ধান উৎপাদন যাতে ক্ষতিগ্রস্ত না হয় সেজন্য আপনার অঞ্চলাধীন সকল জেলা, উপজেলা ও ব্লক পর্যায়ের কর্মকর্তাদের নিয়মিত আলোর ফাঁদ স্থাপন, মার্চ পরিদর্শন, পর্যবেক্ষণ, কৃষকদের পরামর্শ প্রদান ও নিয়মিত অতন্দ্র জরিপ কার্যক্রম জোরদার করা সহ আক্রান্ত উপজেলায় স্কোয়াড গঠনের মাধ্যমে ফসল রক্ষায় সর্বাঙ্গিক ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেওয়ার জন্য বলা হলো।

তথ্য সূত্র: বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।

  
(এ জেড এম ছাব্বির ইবনে জাহান)

পরিচালক

উদ্ভিদ সংরক্ষণ উইং

ফোন : ৯১৩১২৯৫

ইমেইল: dppw@dae.gov.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১. উপপরিচালক, আইসিটি ব্যবস্থাপনা, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, খামারবাড়ি, ঢাকা, ওয়েব সাইটে প্রকাশের জন্য।